



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)

স্মারক নং: মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-৩৭৩/SD-10(পার্ট-১)/২০১৮/৩৪২৬

তারিখ: ২৪/০২/২০১৯ খ্রি.

বিষয় : সেসিপ-এর আওতায় স্থাপিত ICT Learning Centers (ILCs) রক্ষণাবেক্ষণ এবং পরিসেবা কার্যক্রম নিশ্চিতকরণের নিমিত্ত ড. মো: মোরশীদুল হাসান, সহকারী পরিচালক (প্রোগ্রাম-২) কে ফোকাল পয়েন্ট হিসেবে মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অবহিত করা যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত আইসিটি লার্নিং সেন্টার (আইএলসি) বাস্তবায়ন পরিকল্পনা অনুসরণে সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর আওতায় সারাদেশে ইতোমধ্যে ৬৪০টি ICT Learning Centers (ILCs) স্থাপন করা হয়েছে এবং আরও ৭০টি ICT Learning Centers (ILCs) স্থাপনের কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের তত্ত্বাবধানে ICT Learning Centers (ILCs) পরিদর্শনের জন্য মনিটরিং টিম গঠন করা হয়েছে এবং গঠিত মনিটরিং টিম সেরেজমিনে আইসিটি লার্নিং সেন্টারসমূহ (আইএলসি) পরিদর্শনপূর্বক মাসিক ভিত্তিতে নিয়মিতভাবে প্রতিবেদন পেশ করে আসছেন। পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত পরিবীক্ষণ প্রতিবেদনের ভিত্তিতে সংক্ষিপ্ত প্রতিবেদন তৈরি এবং পরিসেবা নিশ্চিতকরণের নিমিত্ত পরবর্তী করণীয় নির্ধারণের জন্য ড. মো: মোরশীদুল হাসান, সহকারী পরিচালক (প্রোগ্রাম-২) কে ফোকাল পয়েন্ট হিসেবে মনোনয়ন দেয়া হলো।

(মোঃ আবু হাইদ শেখ)

অতিরিক্ত সচিব

ও

যুগ্ম প্রোগ্রাম পরিচালক

ফোনঃ ৯৫৫৩৭১২

E-mail:jpd.sesip@gmail.com

ড. মো: মোরশীদুল হাসান  
সহকারী পরিচালক (প্রোগ্রাম-২)  
এসপিএসইউ, সেসিপ।

অনুলিপি (প্রয়োজনীয় কার্যার্থে):

১. প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. আঞ্চলিক পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৩. জনাব একেএম শামছুল হক, পরামর্শক, সেসিপ-পিএমসি।